# বই পড়ি-আয় করি

**ডা. মোহাম্মদ আজিজুর রহমান কর্তৃক পরিচালিত একটি স্পনসরশীপ প্রোগ্রাম**

## মৃত্তিকা-রোকেয়া বেগম আলোর কারখানা

**বিলপাড়-ডুয়াইগাঁও, পিরিজপুর, বাজিতপুর, কিশোরগঞ্জ**

---

**মাস প্রতি প্রকল্প খরচ মাত্র ১২, ৫০০ টাকা। যোগাযোগ-০১৭১৭৪৭৪৪৩৩**

## ০১. প্রেক্ষাপট

বর্তমান তথ্যপ্রযুক্তি ও ডিজিটাল যুগে, আমাদের সমাজের যুবা ও শিক্ষার্থী প্রজন্ম বই পড়ার অভ্যাস থেকে অনেকাংশে বিচ্ছিন্ন হয়ে পড়েছে। শিশু, কিশোর, যুবক এবং প্রাপ্তবয়স্কদের মধ্যে বইপাঠের অভ্যাস তৈরি করা এখন একটি চ্যালেঞ্জ। অভিজ্ঞতায় দেখা যায়, **পাঠের অভ্যাস গড়ে তোলার জন্য শুধু বইয়ের উপস্থিতি যথেষ্ট নয়, বরং বইপাঠকে প্রণোদনা ও সামাজিক মূল্যায়নের সঙ্গে সংযুক্ত করা প্রয়োজন।** "**বই পড়ি-আয় করি**" প্রকল্পটি এই প্রেক্ষাপটে উদ্ভাবিত হয়েছে। এটি কিশোরগঞ্জ জেলার বাজিতপুরের পিরিজপুর ইউনিয়নের বিলপাড়-ডুয়াইগাঁও নামক স্থানে **মৃত্তিকা-রোকেয়া বেগম আলোর কারখানা**-এর উদ্যোগে পরিচালিত হচ্ছে, এবং এর লক্ষ্য হলো বইবিমুখ শিক্ষার্থী, যুবা ও প্রাপ্তবয়স্কদের মধ্যে বই পড়ার প্রবণতা বৃদ্ধি করা এবং পাঠের অভ্যাসকে টেকসই করা।

## ০২. উদ্দেশ্য

- শিক্ষার্থী, যুবক এবং প্রাপ্তবয়স্কদের মধ্যে বইপাঠের আগ্রহ সৃষ্টি করা;
- পাঠককে নিয়মিত বইপড়ার অভ্যাসে উদ্বুদ্ধ করা;
- বইপাঠকে অর্থনৈতিক প্রণোদনা ও সামাজিক স্বীকৃতির সঙ্গে সংযুক্ত করা, এবং
- সমসাময়িক, বৌদ্ধিক ও নৈতিক জ্ঞান বৃদ্ধির মাধ্যমে স্থানীয় জনগোষ্ঠীর শিক্ষাগত ও মানসিক বিকাশ ঘটানো।

## ০৩. লক্ষিত জনগোষ্ঠী

- প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চশিক্ষার শিক্ষার্থী
- যুবক ও যুবতী
- প্রাপ্তবয়স্ক যারা এখনও বইপাঠে নিয়মিত নয়
- স্থানীয় কমিউনিটি সদস্য যারা গ্রন্থাগার সুবিধা গ্রহণ করতে ইচ্ছুক

## ০৪. কার্যক্রমের রূপরেখা

ক. **সময়সূচি ও পড়ার সময়:**

- সপ্তাহে চার দিন, প্রতি দিন ২ ঘণ্টা, অর্থাৎ মোট ৮ ঘণ্টা।
- মাসে ১৬ দিন বই পড়লে মোট ৩২ ঘণ্টা।

খ. **প্রণোদনা ও অর্থমূল্যায়ন:**

- মাস শেষে যারা নির্ধারিত সময় অনুযায়ী বই পড়ে তার সারসংক্ষেপ জমা দেবে, তারা জন প্রতি **৪০০ টাকা** পাবে।
- প্রতিমাসে যাদের মধ্যে **৩ জনকে বিশেষ পুরস্কার** দেওয়া হবে, প্রত্যেককে ৫০০ টাকা করে **১.৫ হাজার টাকার প্রাইজবন্ড** উপহার প্রদান করা হবে।

গ. **বই পড়া ও সারসংক্ষেপ প্রস্তুতি:**

- প্রতিটি পাঠক এক বা দুইটি বই পড়তে পারবেন।
- বইপাঠ শেষ হলে পাঠককে একটি নির্ধারিত ছকে বইয়ের **সারসংক্ষেপ লিখে জমা দিতে হবে**, যা হাতে বা কম্পিউটারে হতে পারে।
- শুধু যারা মাস শেষে তাদের লিখিত বই সারসংক্ষেপ জমা দেবে, তারা পুরস্কার ও প্রণোদনা পাবে।

ঘ. **মাসিক ও বার্ষিক ব্যয়:**

- প্রাথমিক হিসাব অনুযায়ী, **১ বছরে এই প্রকল্পে প্রায় ১,৫০,০০০ টাকা ব্যয় হবে।**
- এই ব্যয় মূলত পাঠকদের প্রণোদনা, বিশেষ পুরস্কার এবং প্রয়োজনীয় প্রশাসনিক খাতে ব্যবহৃত হবে।

## ০৫. কার্যকরী নীতি ও নিয়মাবলী

ক. **নিয়মিত উপস্থিতি:**

- অংশগ্রহণকারীদের অবশ্যই নির্ধারিত দিনে উপস্থিত থাকতে হবে।
- কোন মাসে ন্যূনতম ০৮ দিন উপস্থিত না থাকলে অর্থমূল্য প্রাপ্য হবেনা।

খ. **সারসংক্ষেপ জমা:**

- প্রতিটি বইয়ের সারসংক্ষেপ অবশ্যই সংক্ষিপ্ত ও পরিষ্কারভাবে লিখতে হবে।
- সারসংক্ষেপ লিখতে হলে বইয়ের মূল ভাব, শিক্ষা, অভিজ্ঞতা ও ব্যক্তিগত মত অন্তর্ভুক্ত করতে হবে।

গ. **প্রণোদনা প্রক্রিয়া:**

- মাস শেষে পাঠকের উপস্থিতি ও পঠিত বইয়ের সারসংক্ষেপ যাচাই করে অর্থ প্রদান করা হবে।
- বিশেষ পুরস্কার নির্বাচনের ক্ষেত্রে বইপাঠের মান, সারসংক্ষেপ গুণমান, নিয়মিত উপস্থিতি এবং সারসংক্ষেপ-এর উপর বক্তব্য প্রদান করতে হবে।

## ০৬. প্রকল্পের কার্যকারিতা ও প্রভাব

ক. **পাঠক চেতনার উন্নয়ন:**
নিয়মিত বইপাঠের মাধ্যমে অংশগ্রহণকারীদের জ্ঞান ও বৌদ্ধিক বিকাশ ঘটবে।

খ. **অভ্যাস ও অনুশীলন:**
নিয়মিত সময় নির্ধারণ এবং সারসংক্ষেপ লেখা পাঠককে **পাঠ অভ্যাসে অভ্যস্ত করবে**, যা দীর্ঘমেয়াদে শিক্ষাগত ও সামাজিক প্রভাব ফেলবে।

গ. **প্রণোদনা ও স্বীকৃতি:**
অর্থনৈতিক প্রণোদনা ও সামাজিক স্বীকৃতি পাঠকদের উৎসাহিত করবে নিয়মিত বইপাঠে।

ঘ. **গ্রন্থাগারের জনপ্রিয়তা বৃদ্ধি:**
সামাজিক ও অর্থনৈতিক প্রণোদনা যুক্ত উদ্যোগ পাঠাগারের প্রতি আগ্রহ ও ভরসা বৃদ্ধি করবে।

## ০৭. কার্যকরী কৌশল ও বাস্তবায়ন

ক. **গ্রন্থ নির্বাচন:**

- অংশগ্রহণকারীদের বয়স ও শিক্ষাগত স্তরের সঙ্গে মানানসই বই নির্বাচন করতে হবে।
- শিক্ষাগত ও অনুশীলনমূলক বই সমন্বিত হবে।

খ. **পর্যালোচনা ও মূল্যায়ন:**

- মাস শেষে গ্রন্থাগারিক ও সমন্বয়কারীরা পাঠকের সারসংক্ষেপ যাচাই করবেন।
- সারসংক্ষেপ যাচাই প্রক্রিয়ায় বইপাঠের মান, বিশ্লেষণ ক্ষমতা ও অভিজ্ঞতা মূল্যায়ন করা হবে।

গ. **প্রশিক্ষণ ও নির্দেশনা:**

- নতুন পাঠকদের জন্য সারসংক্ষেপ লেখা এবং বইপাঠের কৌশল সম্পর্কে সংক্ষিপ্ত প্রশিক্ষণ প্রদান করা হবে।

## ০৮. প্রতিষ্ঠিত অগ্রগতি সূচক

- মাসিকভাবে পাঠকের উপস্থিতি ও বইপাঠের রিপোর্ট।
- প্রতিমাসে পাঠকের সারসংক্ষেপ মান যাচাই।
- বার্ষিকভাবে বইপাঠে অংশগ্রহণকারীর সংখ্যা ও প্রকল্পের প্রভাব মূল্যায়ন।
- অংশগ্রহণকারীর শিক্ষাগত ও মানসিক বিকাশের প্রমাণ।

## ০৯. প্রকল্পের সম্ভাব্য চ্যালেঞ্জ ও সমাধান

**ক. প্রাথমিক উৎসাহের অভাব:**

- প্রথম মাসে অংশগ্রহণকারীদের উৎসাহ বাড়ানোর জন্য পরিচিত ও প্রিয় বই প্রদান।
- সামাজিক স্বীকৃতি ও ছোট ছোট পুরস্কার দিয়ে উদ্বুদ্ধ করা।

**খ. সামারি লেখার মান:**

- সারসংক্ষেপ লেখা প্রশিক্ষণ ও নির্দেশিকা প্রদান।
- সহজ ছক ও নির্দেশিকা ব্যবহার করে মান নিশ্চিত করা।

**গ. অর্থনৈতিক সীমাবদ্ধতা:**

- প্রকল্পের বার্ষিক বাজেট পরিকল্পনা করে প্রয়োজনীয় ব্যয় নিশ্চিত করা।

## ১০. প্রাক্কলিত বাজেট:

- মাসিক প্রণোদনা (৪০০ টাকা × আনুমানিক ২০ জন) = ৮,০০০ টাকা
- মাসিক বিশেষ পুরস্কার (৫০০ টাকা × ৩ জন (প্রাইজবন্ড) = ১,৫০০ টাকা
- কর্মসূচি পরিচালনাকারী মাস প্রতি ১৫০০ টাকা
- প্রশাসনিক ব্যয় মাস প্রতি গড়ে ১০০০ টাকা
- অন্যান্য ব্যয় (থোক) ৬০০০ টাকা বছরে
- বার্ষিক ব্যয় (১২ মাস × (৮,০০০ + ১,৫০০ + ১৫০০ + ১০০০)) ≠ ১,৪৪,০০০+ ৬০০০ = ১,৫০,০০/- টাকা। প্রতি মাসে খরচ = ১২, ৫০০ টাকা।

## ১০. উপসংহার

“**বই পড়ি-আয় করি**” প্রকল্পটি শুধু বইপাঠের একটি কার্যক্রম নয়, এটি একটি সামাজিক উদ্যোগ যা কিশোরগঞ্জ জেলার বাজিতপুরে বইপাঠের সংস্কৃতি পুনর্জাগ্রত করবে। আমাদের দৃঢ় বিশ্বাস, **পাঠককে প্রণোদনা ও স্বীকৃতি দিয়ে বইপাঠের প্রতি আগ্রহ বৃদ্ধি করা সম্ভব**। এই প্রকল্প শিক্ষার্থী, যুবা ও প্রাপ্তবয়স্কদের মধ্যে **নিয়মিত বইপাঠের অভ্যাস, বৌদ্ধিক বিকাশ** এবং **সামাজিক সচেতনতা** গড়ে তুলবে। এছাড়াও, এটি পাঠাগারের জনপ্রিয়তা বৃদ্ধি করবে এবং গ্রন্থাগারকে একটি জ্ঞান ও প্রেরণার কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠিত করবে।প্রকল্পের মাধ্যমে সৃষ্ট **বইপাঠের সামাজিক ও অর্থনৈতিক মূল্যায়ন** অংশগ্রহণকারীদের জন্য দীর্ঘমেয়াদী সুবিধা প্রদান করবে এবং আমাদের সমাজে পাঠের সংস্কৃতিকে দৃঢ়ভাবে প্রতিষ্ঠিত করবে।

***“প্রত্যেক মাসে ডা. মোহাম্মদ আজিজুর রহমান কর্তৃক লিখত কমপক্ষে দুটি বই পড়া বাধ্যতামূলক”***